

পরীক্ষা

এইচএসসি পরীক্ষা: আজ থেকে ৪৩ দিন কোচিং সেন্টার বন্ধ

বিশেষ প্রতিবেদক ঢাকা



ফাইল ছবি

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে ১৭ আগস্ট থেকেই। এ পরীক্ষা উপলক্ষে আজ সোমবার (১৪ আগস্ট) থেকে দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে। আগামী ২৫ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ থাকবে দেশের সব কোচিং সেন্টার। এই ৪৩ দিন দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকার কথা ৮ আগস্ট রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের এক প্রেস ব্রিফিংয়ে জানান শিক্ষামন্ত্রী দীপু মনি।

শিক্ষামন্ত্রী বলেন, এইচএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের গুজব ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ১৪ আগস্ট থেকে আগামী ২৫ সেপ্টেম্বর পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে।

পরীক্ষার্থী বেড়েছে দেড় লাখের বেশি

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেন, এইচএসসি ও সমমানের পরীক্ষায় এ বছর দেশের ১১টি শিক্ষা বোর্ডে ১৩ লাখ ৫৯ হাজার ৩৪২ জন শিক্ষার্থী অংশ নেবেন। তাঁদের মধ্যে ৬ লাখ ৮৮ হাজার ৮৮৭ জন ছাত্র ও ৬ লাখ ৭০ হাজার ৪৫৫ জন ছাত্রী। ৯ হাজার ১৬৯টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীর জন্য ২ হাজার ৬৫৮টি কেন্দ্রে পরীক্ষা হবে। গত বছরের তুলনায় এ বছর পরীক্ষার্থী বেড়েছে ১ লাখ ৫৫ হাজার ৯৩৫ জন।

দীপু মনি বলেন, চলতি বছর দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১১ লাখ ৮ হাজার ৫৯৪। তার মধ্যে ৫ লাখ ২৬ হাজার ২৫১ জন ছাত্র ও ৫ লাখ ৮২ হাজার ৩৪৩ জন ছাত্রী। মোট ৪ হাজার ৬৪৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ১ হাজার ৫৩৫টি পরীক্ষাকেন্দ্র স্থাপন করা হবে। তিনি আরও বলেন, আলিম পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ৯৮ হাজার ৩১। তার মধ্যে ছাত্র ৫৩ হাজার ৬৩ জন ও ছাত্রী ৪৪ হাজার ৯৬৮ জন। আলিম পরীক্ষায় মোট ২ হাজার ৬৮৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ৪৪৯টি পরীক্ষাকেন্দ্র স্থাপন করা হবে। কারিগরি শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৫২ হাজার ৭১৭। তার মধ্যে ১ লাখ ৯ হাজার ৫৭৩ জন ছাত্র ও ৪৩ হাজার ১৪৪ জন ছাত্রী। ১ হাজার ৮৩৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ৬৭৪টি কেন্দ্র স্থাপন করা হবে।



 [prothomalo.com](https://www.prothomalo.com)

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো